

Seen
09/11/2020

Seen
09.11.2020

প্রিলিমিনারি 'ক'

ইডেন মহিলা কলেজ, ঢাকা	
প্রাপ্তি স্বীকার	
নম্বর :	১১৬
তারিখ :	০৯/১১/২০২০

স্বাক্ষর

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সরকারি সাত কলেজের
শিক্ষা কার্যক্রম নিয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সরকারি সাত কলেজের শিক্ষা কার্যক্রম নিয়ে ০২/১১/২০২০ তারিখে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন মহোদয়ের অফিসে এক সভা অনুষ্ঠিত হয়। বিজনেস স্টাডিজ অনুষদের ডিন এবং অধিভুক্ত সরকারি সাত কলেজের প্রধান সমন্বয়কারী অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুল মঈন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী, সাত কলেজের অধ্যক্ষবৃন্দ এবং পরীক্ষা নিয়ন্ত্রক উপস্থিত ছিলেন।

সভায় উপস্থাপিত বিষয়ের ওপর বিস্তারিত আলোচনা হয় এবং সুপারিশ গৃহীত হয়।

আলোচ্যসূচি-১: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার বিষয় বিবেচনা।

সুপারিশঃ এ বিষয়ে পরবর্তীতে আলোচনা করা হবে।

আলোচ্যসূচি-২: অকৃতকার্য শিক্ষার্থীদের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স শ্রেণিতে ভর্তির বিষয় বিবেচনা।

কোভিড-১৯ পরিস্থিতির প্রেক্ষিতে বিশেষ বিবেচনায় শর্ত সাপেক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে নিম্নোক্ত সুপারিশ করা হয়।

সুপারিশঃ ২০১৮ সনের ৪র্থ বর্ষ সম্মান পরীক্ষায় অনধিক দুইটি বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীরা ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স শ্রেণিতে ভর্তি হতে পারবে। একই ভাবে মাস্টার্স ১ম পর্ব (প্রিলিমিনারি) পরীক্ষায় অনধিক দুইটি বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীরা মাস্টার্স শেষ পর্বে ভর্তি হতে পারবে। তবে শর্ত থাকে যে অকৃতকার্য বিষয়ে কৃতকার্য না হওয়া পর্যন্ত শিক্ষার্থীরা মাস্টার্স ফাইনাল পরীক্ষার ফরম পূরণ করতে পারবে না।

এ ছাড়া ডিগ্রী (পাসকোর্স) ৩য় বর্ষ ২০১৭ সনের পরীক্ষায় অনধিক দুইটি পত্রে অকৃতকার্য শিক্ষার্থীরা মাস্টার্স ১ম পর্বে (প্রিলিমিনারি) ভর্তি হতে পারবে। তবে শর্ত থাকে যে অকৃতকার্য পত্রে কৃতকার্য না হওয়া পর্যন্ত শিক্ষার্থীরা মাস্টার্স ১ম পর্ব (প্রিলিমিনারি) পরীক্ষার ফরম পূরণ করতে পারবে না।

আলোচ্যসূচি-৩: ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ও মাস্টার্স ১ম পর্বে (প্রিলিমিনারি) সমন্বিত ভর্তি ফি নির্ধারণের বিষয় বিবেচনা।

সুপারিশঃ পূর্বের নিয়ম বহাল রাখার পক্ষে মতামত দেয়া হয়।

আলোচ্যসূচি-৪: বিবিধ।

সভায় শিক্ষার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা গ্রহন এবং রেজিস্ট্রেশন কার্ড প্রদানের বিষয়ে আলোচনা হয়।

সুপারিশ: (ক) করোনা পরিস্থিতির প্রেক্ষিতে অসমাপ্ত মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা গ্রহনের বিষয়ে বিশ্ববিদ্যালয় গৃহীত সিদ্ধান্তের আলোকে অধিভুক্ত সরকারি সাত কলেজের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা স্বাস্থ্যবিধি মেনে গ্রহণ করা।

(খ) শিক্ষার্থীদের SIF-এ রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ থাকায় SIF-কে রেজিস্ট্রেশন কার্ড হিসেবে গণ্য করা।